



ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন DHAKA SOUTH CITY CORPORATION

নগর ভবন, ঢাকা।

ফোন : ৯৫৫৭১৮০-৮১, ৯৫৫৭১৮৪, ৯৫৫৭১৮৬-৮৯, ৯৫৫৮২৫৫-৫৯, ৯৫৫৮৩৫৭-৬০

E-mail: info@dsc.gov.bd www.dsc.gov.bd



উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.২০৭.০০০.১৩.০২.

৬১৩৬.২০২০

তারিখঃ ২৬/৩/২০২৩ খ্রি.

-ঃ বিজ্ঞপ্তি :-

এতদ্বারা ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পরিচ্ছন্নকর্মীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এলজিইডি'র অর্থায়নে সূত্রাপুরস্থ নবনির্মিত পরিচ্ছন্ন নিবাস (মোট ১৭৫ টি বাসা) এ বাসা বরাদ্দের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। আত্মহী পরিচ্ছন্নকর্মীগণ কে নিম্নোক্ত বিষয়গুলো প্রতিপালনপূর্বক বাসা বরাদ্দের আবেদন দাখিল করার জন্য কর্তৃপক্ষের নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

- শুধুমাত্র সাচিবিক আদেশে নিয়োজিত দৈনিক মজুরী ভিত্তিক শুধুমাত্র মুসলিম পরিচ্ছন্নকর্মীগণ আবেদন করতে পারবেন।
- দৈনিক মজুরী ভিত্তিক অপরাপর কর্মচারী যেমনঃ ঠিকায় নিয়োজিত পরিচ্ছন্নকর্মী, মশককর্মী, দক্ষ ও অদক্ষ শ্রমিক, পরিবহন চালক, মালি, প্রহরী, বৈদ্যুতিক সহকারী, অফিস সহায়ক ইত্যাদি কর্মচারীগণ আলোচ্য পরিচ্ছন্ন নিবাসে বাসা বরাদ্দের নিমিত্ত যোগ্য বিবেচিত হবে না।
- আগামী ০৫ ও ০৬ ই মার্চ, ২০২৩ খ্রিঃ তারিখে আবেদনকারীর প্রাপ্যতা যাচাইকরণ এবং প্রয়োজনীয় তথ্য-উপাত্তসহ আবেদন গ্রহণের নিমিত্ত আত্মহী প্রার্থীদেরকে অফিস চলাকালীন সময়ে উপস্থিত থাকতে হবে।
- ইতোমধ্যে বাসা/কোয়ার্টার বরাদ্দপ্রাপ্ত কর্মচারীগণ পুনরায় বাসা বরাদ্দের আবেদন করতে পারবেন না (এর ব্যত্যয় হলে সংশ্লিষ্ট আবেদনকারীর বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে)।
- স্বামী অথবা স্ত্রী যেকোন একজনের নামে ইতোমধ্যে বাসা/কোয়ার্টার বরাদ্দপ্রাপ্ত কর্মচারীগণ পুনরায় বাসা বরাদ্দের আবেদন করতে পারবেন না (এর ব্যত্যয় হলে সংশ্লিষ্ট আবেদনকারীর বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে)।
- পরিচ্ছন্নকর্মীর বাসা বরাদ্দের আবেদনপত্র চাদসিক'র সম্পত্তি বিভাগ এবং বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ (কেন্দ্র ও অঞ্চল) হতে সংগ্রহপূর্বক চাহিত সকল তথ্য-উপাত্ত যথাযথভাবে সংযুক্ত করে আগামী ০৫ ও ০৬ ই মার্চ, ২০২৩ খ্রিঃ তারিখে নগর ভবনস্থ তৃতীয় তলায় পূর্ব পার্শ্বে করিডোরে স্থাপিত কাউন্টারে স্ব-শরীরে উপস্থিত হয়ে জমা দিতে হবে। নির্ধারিত তারিখের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না।

মোঃ রাসেল সার্বারিন

(উপ-সচিব)

প্রধান সম্পত্তি কর্মকর্তা

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

ফোন : ০২২২৩৩৮৫৯৮৬।

কার্যার্থে অনুলিপি :

- প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, চাদসিক। (আগামী ০৫ ও ০৬ তারিখে নগর ভবনস্থ তৃতীয় তলায় পূর্ব পার্শ্বে করিডোরে কাউন্টার স্থাপনের ব্যবস্থা গ্রহণ এবং কাউন্টারে দায়িত্ব পালনের নিমিত্ত প্রতিনিধি নির্বাচনের জন্য অনুরোধ করা হলো)
- বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, চাদসিক। (সকল পরিচ্ছন্ন পরিদর্শকের মাধ্যমে বিষয়টি পরিচ্ছন্নকর্মীবৃন্দকে অবহিতকরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
- সহকারী সচিব, সংস্থাপন শাখা-৩, চাদসিক। (সাচিবিক আদেশ/তথ্য-উপাত্ত যাচাইয়ের নিমিত্ত একজন উপযুক্ত প্রতিনিধি নির্বাচনপূর্বক আগামী ০৫ ও ০৬ তারিখে নগর ভবনস্থ তৃতীয় তলায় পূর্ব পার্শ্বে করিডোরে স্থাপিত কাউন্টারে দায়িত্ব পালনের নিমিত্ত প্রেরণের অনুরোধ করা হলো)
- সহকারী সচিব, প্রশাসন শাখা, চাদসিক। (বিজ্ঞপ্তিটি ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের কেন্দ্রীয় নোটিশ বোর্ড ও সকল আঞ্চলিক নোটিশ বোর্ডে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)

সদয় অবগতির জন্য অনুলিপি :

- সচিব, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
- আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল-....., চাদসিক।
- মেয়রের একান্ত সচিব, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন। (মাননীয় মেয়রের সদয় অবগতির জন্য)
- প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন। (প্রিনিক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- নথি/অফিস কপি।

আপনার শহর পরিষ্কার-পরিচ্ছন্ন রাখুন, সময়মত পৌরকর পরিশোধ করুন।